ICT DIVISION
FUTURE IS HERE

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
**বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল)**
আইসিটি টাওয়ার, প্লট #ই১৪/এক্স, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bdccl.gov.bd

BANGLADESH DATA CENTER COMPANY LIMITED

নং : ৫৬.০৬.০০০০.১০১.২২.০০১.২৫.১৫০২

তারিখঃ ২০ আশ্বিন ১৪৩২ / ০৫ অক্টোবর ২০২৫

## অফিস আদেশ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল) এর মোটরযান, কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি এবং অফিসে ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তিকরণ নীতিমালা-২০২৫ জারি করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ তৌফিক আল মাহমুদ)
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল)
ফোন: ৫৫০০৬৪৪১ (অ:)

নং : ৫৬.০৬.০০০০.১০১.২২.০০১.২৫.১৫০২

তারিখঃ ২০ আশ্বিন ১৪৩২ / ০৫ অক্টোবর ২০২৫

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ**

০১। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। কর্মকর্তা-কর্মচারী (সকল), বিডিসিসিএল।
০৩। অফিস কপি।

(মোঃ মুরাদ আলিম মনির)
ব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ)

# বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল)

## বিডিসিসিএল এর মোটরযান, কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি এবং অফিসে ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তিকরণ নীতিমালা-২০২৫

# বিডিসিসিএল এর মোটরযান, কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি এবং অফিসে ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তিকরণ নীতিমালা-২০২৫

বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল) এর অফিসে ব্যবহৃত পুরাতন মোটরযান, কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি, ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত সকল যন্ত্রপাতি এবং অফিস সরঞ্জামাদি অকেজো/বিক্রয় করার প্রক্রিয়ায় একটি নীতিমালার অভাব অনুভূত হয়। বিডিসিসিএল এতদসংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করা হইল। এই নীতিমালা বিডিসিসিএল এর মোটরযান, কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি, ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি এবং অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণা ও বিক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**২।** বিডিসিসিএল এর মোটরযান, কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি, ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত সকল যন্ত্রপাতি এবং অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ কমিটি নিম্নোক্তভাবে গঠিত হবে:

| ক্র. নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ক) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা | সভাপতি |
| খ) | ব্যবস্থাপক বা তদূর্ধ্ব পর্যায়ের একজন কর্মকর্তা, বিডিসিসিএল | সদস্য |
| গ) | সরকারী যানবাহন অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ঘ) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ঙ) | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রন কমিশন (বিটিআরসি) একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| চ) | গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র প্রকৌশলী) | সদস্য |
| ছ) | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| জ) | পরিবেশ অধিদপ্তরের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ঝ) | সহকারী/উপ-ব্যবস্থাপক পর্যায়ের একজন কর্মকর্তা, বিডিসিসিএল | সদস্য-সচিব |

**৩। এই কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক নতুন সদস্য সংযোজন করিতে পারিবে।**

**৪।** **কমিটির কাজের প্রকৃতির বিভিন্নতায় নিম্নরূপভাবে কাজ করবেঃ**

৪.১ মোটরযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং ক্রমিকের (গ) ও (ছ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকিবেন।

৪.২ কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং ক্রমিকের (ঘ) ও (জ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকিবেন।

৪.৩ কোম্পানির ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত সকল যন্ত্রপাতির ক্ষেত্রে ২নং ক্রমিকের (ঘ), (ঙ), (চ) ও (জ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকিবেন।

৪.৪ অফিসে ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদি ও আসবাবপত্র অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং ক্রমিকের (ঘ) ও (চ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকিবেন।

৫। অকেজো ঘোষণাকরণ কমিটি সদস্য-সচিব সভাপতির আলোচনাপূর্বক কমিটি সভা আহ্বান করে নোটিশ জারি করবেন এবং অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি, ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি এবং অফিস সরঞ্জামাদি সংরক্ষিত মূল্য নির্ধারণ করে কমিটির মতামত সভার কার্যবিবরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করবেন। সংশ্লিষ্ট মোটরযান, কম্পিউটার, সকল আইটি সরঞ্জাম, ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার যন্ত্রপাতিসহ বিডিসিসিএল এর অফিসে ব্যবহৃত অন্যান্য সকল যন্ত্রপাতির দপ্তর অকেজো ঘোষণাকরণ কমিটির সুপারিশের আলোকে ঐগুলির উপর চূড়ান্ত সিদ্ধান্তের জন্য স্বীয় অকেজো ঘোষণাকরণ কমিটি কোম্পানির চেয়ারম্যানের নিকট পেশ করিবেন। কোম্পানির চেয়ারম্যান পর্ষদ সভায় উপস্থাপন করে নিষ্পত্তি করিবে।

৬। অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজন মনে করলে সকল বা কিছু সংখ্যক অকেজো ঘোষণার প্রস্তাবকৃত মোটরযান/ কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি, ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি এবং অফিস সরঞ্জামাদি ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি/আসবাবপত্র/মালামাল প্রত্যক্ষ পরিদর্শন করিতে পারিবে।

৭। কোম্পানি এই নীতিমালার আলোকে তাহাদের নিজস্ব নীতিমালা প্রণয়নপূর্বক নিজ নিজ পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে মোটরযান, কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি, ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি এবং অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তি সংক্রান্ত কার্যাদি সম্পাদন করিবে এবং প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করিবে।

৮। **এই নীতিমালার আওতায় নিম্নলিখিত যানবাহন/কম্পিউটার/আইটি সংক্রান্ত সকল ডিভাইস/ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত সকল যন্ত্রপাতি/আসবাবপত্র মালামাল অন্তর্ভুক্ত থাকবেঃ**

৮.১ সকল প্রকার মোটরযান যেমনঃ কার, জীপ, পিক-আপ, মাইক্রোবাস, মিনিবাস, ট্রাক, মোটরবাইক ইত্যাদি।

৮.২ কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৮.৩ অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি যেমনঃ ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, কমার্শিয়াল ডিসপ্লে, ইন্টারএ্যক্টিভ বোর্ড প্রজেক্টর স্ক্রিন, ক্যামেরা, ফটোকপি মেশিন, এয়ার কন্ডিশনার, টিভি ইত্যাদি।

৮.৪ কাঠ ও স্টিলের তৈরি সকল ধরণের আসবাবপত্র যেমনঃ টেবিল, চেয়ার, দরজা, ডাইনিং টেবিল, আলমিরা, ফাইল কেবিনেট, সোফাসেট, পর্দা, পড়ার টেবিল, ড্রেসিং টেবিল ডিভাইস, ফ্যান, ক্যাবল, ব্যাটারি, ইলেকট্রিক মালামাল, বাল্ব, থাই গ্লাস, থাই ফ্রেম, জানালা গ্রীল, বেসিন, হাই কমোড, গাড়ির চাকা, গাড়ির টায়ার ইত্যাদি।

৮.৫ ডাটা সেন্টারে ব্যবহৃত সকল প্রকার আইটি ডিভাইস, সার্ভার, ইউপিএস ও ইউপিএস ব্যাটারি, নেটওয়ার্ক ও ট্রান্সমিশন ডিভাইস, জেনারেটর, চিলার, ইলেক্ট্রো মেকানিক্যাল যন্ত্রপাতি, ট্রান্সফরমার, ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি।

**বিডিসিসিএল এর মোটরযান, কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি, ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত সকল যন্ত্রপাতি, অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও আসবাবপত্র অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ**

৯। **মোটরযানঃ**

৯.১ মোটরযান অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলীঃ

৯.১.১ মেরামতের অযোগ্য বা মেরামত করিয়া ব্যবহার অলাভজনক বলিয়া বিবেচিত মোটরযান সম্পর্কে মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তর নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট ক-১) বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করিয়া উহা বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)-এর সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণ পূর্বক প্রত্যক্ষ পরিদর্শন করিয়া মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করিবে। এই পত্রের প্রতিলিপি সংশ্লিষ্ট সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) ও পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ ঢাকা-এর নিকট প্রেরণ করিবে।

৯.১.২ সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শক সরেজমিনে মোটরযানটি পরিদর্শনপূর্বক মোটরযানটি মেরামতের অযোগ্য হইলে বা মেরামত করিয়া ব্যবহার করা অলাভজনক বিবেচিত হইলে সেই মর্মে নির্ধারিত ছকে (পরিশিষ্ট ক-২) কারিগরি প্রতিবেদন প্রণয়ন করিয়া সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ার)-এর প্রতিস্বাক্ষরে অনুর্ধ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তরে প্রতিবেদন প্রেরণ করিবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করিতে হইবে।

৯.১.৩ মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তর কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর তাহা সংযুক্ত করিয়া মোটরযানের বিস্তারিত বিবরণ (সংশ্লিষ্ট কাগজ পত্র সহ) স্বীয় মন্ত্রণালয়/ বিভাগের নিকট অকেজো ঘোষণার নিমিত্ত প্রেরণ করিবে।

**৯.২। মোটরযান অকেজো ঘোষণার নির্ণয়কঃ**

৯.২.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করিয়া চালান অলাভজনক হইয়া পড়িয়াছে এইরুপ মোটরযান।

৯.২.২ মডেল পরিবর্তনের দরুণ বাজারে সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এইরুপ মোটরযান।

৯.২.৩ মেরামত করিয়া নির্ভরযোগ্য ব্যবহারোপযোগী করিতে যেই সমস্ত মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হইবে এরুপ মোটরযান।

৯.২.৪ দুই এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হইয়াছে এইরুপ মোটরযান।

৯.২.৫ দূর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মোটরযানের কাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া গিয়াছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়াছে এইরুপ মোটরযান।

**৯.৩। অকেজো ঘোষিত মোটরযান নিষ্পত্তি প্রক্রিয়াঃ**

৯.৩.১ কোন মোটরযান চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হইবার পর বিডিসিসিএল উহা বিক্রয়ের নিমিত্তে ২টি (১টি বাংলা ও ১টি ইংরেজি) বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় নিলামের দরপত্র আহবান করিবে। নিলামের দরপত্র সিডিউলে মোটরযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সহিত আর্নেষ্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করিবে।

৯.৩.২ দরপত্র প্রাপ্তির পর বিডিসিসিএল দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্রগুলি পরীক্ষা করিয়া ইহার সুপারিশ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবে।

৯.৩.৩ অকেজো ঘোষিত মোটরযান সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে মালিকানা দপ্তর স্বীয় মন্ত্রণালয়/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে।

## ১০। কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতিঃ

### ১০.১ কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি, ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলীঃ

১০.১.১ ব্যবহারের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলিয়া বিবেচিত কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি, ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সম্পর্কে বিডিসিসিএল এর সংশ্লিষ্ট শাখা নির্দিষ্ট ছকে বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করে উহা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর নিকট প্রেরণপূর্বক প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করিবে।

১০.১.২ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মনোনীত কারিগরি প্রতিনিধি সংশ্লিষ্ট কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরজমিনে পরিদর্শন করে অথবা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ইহা মেরামত করে ব্যবহার করা অলাভজনক হলে অথবা ব্যবহারের অনুপযোগী হলে সে মর্মে প্রতিবেদন প্রদান করবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হলে বিলম্বের কারণ ব্যাখ্যা করে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যেই প্রতিবেদন দাখিল করবে।

১০.১.৩ প্রতিবেদন প্রাপ্তির পর বিডিসিসিএল প্রয়োজনীয় কাগজপত্রসহ ইহা স্বীয় মন্ত্রণালয়/ বিভাগের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করবে।

১০.১.৪ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ইহার কাউন্সিলের অনুমোদনক্রমে মাঝে মাঝে পুরাতন প্রযুক্তির নির্ভর যে ধরনের কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি দেশে সাধারণভাবে অচল বলে ঘোষণা করবে সে ধরণের কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতির ক্ষেত্রে মালিকানা দপ্তর, উপরের ১০.১.১, ১০.১.২, ১০.১.৩-এ বর্ণিত নিয়মাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করে সরাসরি পরবর্তী ১০.৩.১ থেকে ১০.৩.৫ উপ-অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

### ১০.২ কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণয়কঃ

১০.২.১ ঘন ঘন ত্রুটি দেখা যাচ্ছে এসব কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি যা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হয়ে পড়িয়াছে।

১০.২.২ যেসব কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রয়েছে মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুণ যার উৎপাদন ও সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে এরুপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১০.২.৩ মেরামত করে এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করে একই ক্ষমতাসম্পন্ন অনুরূপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশি ব্যয় হবে এইরূপ কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি।

১০.২.৪ দুর্ঘটনা জনিত কারণে ক্ষতিগ্রস্থ হয়েছে অথবা যাহার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটিয়াছে এরূপ কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি।

১০.২.৫ হার্ডওয়্যারের গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করছে অথচ কোনভাবে ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত সম্ভব হচ্ছে না এরূপ কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি।

১০.২.৬ কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতির আয়ুষ্কাল (ওয়ারেন্টি+ অতিরিক্ত ৫ বছর) = নূন্যতম ০৬ বছর অতিবাহিত হয়েছে এবং কার্যকারিতা ভীষণভাবে কমে গিয়েছে এমন কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

**১০.৩ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি নিষ্পত্তি প্রক্রিয়াঃ**

১০.৩.১ বিডিসিসিএল অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি বিধি মোতাবেক অকেজো ঘোষিত হওয়ার পর তা বিক্রয়ের নিমিত্ত বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করিবে। দরপত্র সিডিউলে মোটরযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। এ ক্ষেত্রে দরপত্রদাতাকে দরপত্রের সাথে আর্নেস্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করিতে হইবে।

১০.৩.২ দরপত্র প্রাপ্তির পর বিডিসিসিএল এর সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি/ দরপত্র কমিটি দরপত্রগুলি পরীক্ষা করিয়া এর সুপারিশ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবে।

১০.৩.৪ যদি উহা প্রদর্শন যোগ্য হয় তা হলে প্রদর্শনের নিমিত্ত তা কোন সরকারী/ আধা সরকারী স্বায়ত্তশাসিত যাদুঘর/প্রশিক্ষণ কাজে কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি হস্তান্তর করা যাবে। এ ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি বিডিসিসিএল সংরক্ষণ করবে।

১০.৩.৫ দেশের কোন সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত গবেষণা/শিক্ষা প্রতিষ্ঠান গবেষণা/প্রশিক্ষণ কাজে কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি হস্তান্তর করা যাবে। এ ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি বিডিসিসিএল সংরক্ষণ করবে।

১০.৩.৬ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে বিডিসিসিএল মন্ত্রণালয়/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উপস্থাপন করবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এ নীতিমালার ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

১০.৩.৭ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিবেদন হতে যদি প্রতীয়মান হয় যে, অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতির কোন সংরক্ষিত মুল্য নাই তবে বিডিসিসিএল দপ্তর এরুপ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি বিনষ্ট করতে পারেব।

## ১১। অফিসের ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদিঃ

অফিসের ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদি যেমন:- কম্পিউটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, এয়ার-কন্ডিশনার, ফ্যান, ব্যাটারি, ব্যাটারি পাওয়ার ক্যাবল, অকেজো Electrical পার্টস, ফ্লোর টাইলস, MS Angle and Frame, জেনারেটরের ব্যবহৃত Lubrication Oil, জেনারেটরের ব্যবহৃত Filters, ব্যবহৃত Tempered Glass, প্ল্যাস্টিক, MS (কন্টেইনার, এঙ্গোল, অকেজো টুলস, অকেজো পার্টস)। সিভিল কাজের মালামাল, স্যানেটারী মালামাল, চিলারের খুচরা যন্ত্রাংশ, সকল প্রকার আসবাবপত্র, প্রতিষ্ঠানের বিভিন্ন যন্ত্রপাতি ইত্যাদি অকেজো ঘোষণাকরণের নিমিত্তে ব্যবহারকারী দপ্তর একটি নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্যাবলী প্রস্তত করবে। বিডিসিসিএল'র ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের জন্য শাখা প্রধান কর্মকর্তা/প্রকৌশলী নিয়া কমপক্ষে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করবে। নির্ধারিত ছকে প্রদত্ত তথ্যাবলী বিবেচনা করিয়া এবং পরিদর্শনের মাধ্যমে এই কমিটি যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ সম্পর্কে মতামত প্রদান করবে যাহাতে বর্তমান বাজার মূল্য বিবেচনায় একটি সংরক্ষিত মূল্য ও ধার্য্য থাকবে। উক্ত কারিগরি কমিটির মতামতের ভিত্তিতে চেয়ারম্যান এর নিকট প্রেরণ করিবে। বিডিসিসিএল'র অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণা করতঃ সংশ্লিষ্ট বিধি অনুসরণপূর্বক নিষ্পত্তি করবে।

## ১১.১ অফিসের ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদি নিষ্পত্তি প্রক্রিয়াঃ

১১.১.১ বিডিসিসিএল অকেজো ঘোষিত অফিসের ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদি বিধি মোতাবেক অকেজো ঘোষিত হওয়ার পর তা বিক্রয়ের নিমিত্ত বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করিবে। এ ক্ষেত্রে দরপত্রদাতাকে দরপত্রের সাথে আর্নেস্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করিতে হইবে।

১১.১.২ দরপত্র প্রাপ্তির পর বিডিসিসিএল এর সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি/ দরপত্র কমিটি দরপত্রগুলি পরীক্ষা করিয়া এর সুপারিশ চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবে।

১১.১.৩ যদি উহা প্রদর্শন যোগ্য হয় তা হলে প্রদর্শনের নিমিত্ত তা কোন সরকারী/ আধা সরকারী স্বায়ত্তশাসিত যাদুঘর/প্রশিক্ষণ কাজে অন্যান্য সরঞ্জামাদি হস্তান্তর করা যাবে। এ ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি বিডিসিসিএল সংরক্ষণ করবে।

১১.১.৪ দেশের কোন সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত গবেষণা/শিক্ষা প্রতিষ্ঠান গবেষণা/প্রশিক্ষণ কাজে অন্যান্য সরঞ্জামাদি হস্তান্তর করা যাবে। এ ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি বিডিসিসিএল সংরক্ষণ করবে।

১১.১.৫ অকেজো ঘোষিত অন্যান্য সরঞ্জামাদি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে বিডিসিসিএল মন্ত্রণালয়/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উপস্থাপন করবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এ নীতিমালার ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

১১.১.৬ পরিচালনা পর্ষদ কর্তৃক প্রতীয়মান হয় যে, অকেজো ঘোষিত অন্যান্য সরঞ্জামাদি কোন সংরক্ষিত মূল্য নাই তবে বিডিসিসিএল দপ্তর এরুপ অকেজো ঘোষিত অন্যান্য সরঞ্জামাদি বিনষ্ট করতে পারিবে।

= ০ =

**পরিশিষ্ট-ক-১**

বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগা, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
www.bdccl.gov.bd

## বিডিসিসিএল এর মোটরযান অকেজো ঘোষণাকল্পে সরবরাহযোগ্য তথ্যবিবরণীঃ

১। (ক) রেজি নং.................. তারিখ.............. (খ) নির্মাতা........................

(গ) গাড়ির ধরন........................................ (ঘ) প্রস্তুতকাল.....................

(ঙ) চেসিস নং................................ মডেল.................................

চ) ইঞ্জিন................................ মডেল.................................

(ছ) ইঞ্জিন পেট্রোল/ডিজেল/গ্যাস.................... (জ) সিলিন্ডারের সংখ্যা........................

ঝ) কিলোমিটার প্রতি লিটারে:.................................................................

২. (ক) মোট কতদিন বিকল আছে:.....................................................

(খ) বৈকল্যের কারণসমূহ:.........................................................

(১) ..........................................................................

(২) ..........................................................................

(৩) ..........................................................................

(৪) ..........................................................................

(৫) ..........................................................................

(৬) ..........................................................................

(৭) ..........................................................................

(৮) ..........................................................................

(৯) ..........................................................................

৩ (ক) মোটরযানটি যে স্থানে বর্তমানে আছে: (খ) মোটরযান নিয়ন্ত্রণকারী:

.................................... নাম ও পদবি:.........................

.................................... অফিস:.............................

.................................... ঠিকানা: .............................

.................................... টেলিফোন নং: ........................

৪। মোটরযান প্রাপ্তির উৎস/ক্রয়মূল্য/ক্রয়ের তারিখ: ...........................................

৫। প্রতিবারের মেজর ইউনিটসমূহের ওভারহলিং-এর তারিখ ও মেরামত কাজের খরচের বিস্তারিত বিবরণ: .................................................................................

৬। মোটরযান মোট কত কিলোমিটার চলেছে: ..............................................

ক) নতুন অবস্থায় কত কিলোমিটার চলছে: ..........................................

খ) ইঞ্জিনের প্রথম ওভারহলিং-এর পর কত কিলোমিটার চলেছে: ........................

এবং মেরামত খরচ.................................................. টাকা

গ) ইঞ্জিনের দ্বিতীয় ওভারহলিং-এর পর কত কিলোমিটার চলেছে: .......................

এবং মেরামত খরচ.................................................. টাকা

ঘ) ইঞ্জিনের তৃতীয় ওভারহলিং-এর পর কত কিলোমিটার চলেছে: .......................

এবং মেরামত খরচ.................................................. টাকা

ঙ) ইঞ্জিন ব্যতীত অন্যান্য খরচ: ............................................টাকা

ইহা বর্তমান আনুমানিক বাজার মূল্যের শতকরা কত ভাগ.............................

চ) ক্রয় এর তারিখ হতে অচল হওয়া পর্যন্ত সর্বমোট মেরামত খরচ: ................... টাকা

৭। মোটরযানটির আনুমানিক বর্তমান বাজার মূল্য: .......................................

৮। মেরামতের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা সম্ভব কি?..............................

৯। বর্তমানে মেরামত করিতে কত টাকা খরচ হইতে পারে: ..............................টাকা

এবং ইহা বর্তমান আনুমানিক বাজারমূল্যের শতকরা কত ভাগ...............................

১০। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি: ...........................................

(প্রয়োজনে আলাদাভাবে দেয়া যাইতে পারে)

| বিবরণ প্রস্তুতকারীর<br>স্বাক্ষর ও পদবি | সংশ্লিষ্ট কর্মকর্তার<br>স্বাক্ষর ও সিল | বিভাগীয় প্রধান/ক্ষমতাপ্রাপ্ত<br>কর্মকর্তার স্বাক্ষর<br>(নাম, পদবি ও সিল) |
|---|---|---|

পরিশিষ্ট ক-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ**

**পরিদর্শনের তারিখ ঃ** ..................

**বিষয় ঃ সরকারী মোটরযান অকেজো ঘোষণার জন্য পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন।**

রেজিষ্ট্রেশন নং........................ তৈরীর সন .............. গাড়ীর ধরণ ..............................

মোটরযান চালকের নাম ...................................................... চেসিস নং .......................

ইঞ্জিন নং-.................. ইঞ্জিন ঃ পেট্রোল/ডিজেল, সিলিণ্ডারের সংখ্যা ......................

বিকল/চালু, প্রতি লিটারে কত কিঃ মিঃ..................................................................................

১। **পর্যবেক্ষণ ঃ**

..................................................................................................................................

..................................................................................................................................

..................................................................................................................................

| ক্রমিক নং। | ইউনিট/মূল যন্ত্রাংশ/ মডেল। | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়)। | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | ইঞ্জিন এসেম্বলী | সম্পূর্ণ/অসম্পূর্ণ/অকেজো/নাই | | |
| ১.২ | সাইলেন্সার এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৩ | **কুলিং সিষ্টেম ঃ** | | | |
| | রেডিয়েটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফ্যান | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ওয়াটার পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৪ | **ফুয়েল সিষ্টেম ঃ** | | | |
| | ফুয়েল ট্যাংক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফুয়েল পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কার্বোরেটর/এফ. আই. পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইনজেকটার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এয়ার ক্লিনার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| ক্রমিক নং। | ইউনিট/মূল যন্ত্রাংশ/ মডেল। | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়)। | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.৫ | **ইলেক্ট্রিক্যাল সিষ্টেম ঃ** | | | |
| | ব্যাটারী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সেল্ফ ষ্টার্টার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | অলটারনেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কার্ট আউট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হর্ণ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হেড ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাইড ল্যাম্প/পার্কিং ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টেইল ও স্টপ ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইন্ডিকেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৬ | **ইগনিশান সিষ্টেম :** | | | |
| | ইগনিশান সুইচ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইগনিশান কয়েল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিস্ট্রিবিউটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | স্পার্ক প্লাগ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এইচ, টি তার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৭ | **ক্লাচ সিস্টেম ঃ** | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৮ | **ষ্টিয়ারিং সিস্টেম ঃ** | | | |
| | ষ্টিয়ারিং কলাম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ষ্টিয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বল জয়েন্ট/কিং পিন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টাইরড এন্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| ক্রমিক নং। | ইউনিট/মূল যন্ত্রাংশ/ মডেল। | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়)। | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.৯ | **ট্রান্সমিশন সিষ্টেম ঃ** | | | |
| | গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | গিয়ার লিভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাহায্যকারী গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিফারেনশিয়্যাল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সামনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পিছনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | চেইন এবং স্প্রোকেট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১০ | **সাসপেনশন সিষ্টেমঃ** | | | |
| | ইন্ডিপেনডেন্ট সাসপেনশন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সাসপেনশন স্প্রীং এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | শক এবজরভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১১ | চেসিস ফ্রেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১২ | ব্রেক সিস্টেম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হ্যান্ড ব্রেক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১৩ | **বিবিধ ঃ** | | | |
| | হুইল রিম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টায়ার টিউব | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ড্যাশ বোর্ড | সম্পূর্ণ/অসম্পূর্ণ | | |
| | বাম্পার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বডি/ছাদ/ফ্লোর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| ক্রমিক নং। | ইউনিট/মূল যন্ত্রাংশ/ মডেল। | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়)। | মন্তব্য |
|---|---|---|---|---|
| | মাডগার্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | দরজা | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | উইণ্ডশিল্ড গ্লাস | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সিট সমূহ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পশ্চাৎ দর্শন আয়না | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | রং | সঠিক আছে/নাই/নষ্ট | | |
| | | মোট আনুমানিক মূল্য ঃ | | |

২। মোটরযানটির সংরক্ষিত মূল্য ঃ ...........................................................

৩। মেরামত করিতে খরচের পরিমাণ ঃ ....................................................

৪। মেরামত পরবর্তী আনুমানিক মূল্য ঃ......................................................

৫। পরিদর্শকের মতামত ঃ

পরিদর্শকের স্বাক্ষর ও সীল।

সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ
(স্বাক্ষর ও অফিস সীল)।

**পরিশিষ্ট-খ**

# অচল/অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার /কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইলেক্ট্রো মেকানিক্যাল ও ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি এবং অফিসে ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদির তথ্য বিবরণী

অংশ-‘ক’

(কোম্পানির দপ্তর পূরণ করিবে)

(প্রয়োজনবোধে আলাদা শীট ব্যবহার করা যাইবে)

দপ্তর.......................... মন্ত্রণালয়/বিভাগ: ....................................

প্রতিবেদনের তারিখ: ......................।

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| আইটেম নং | | |
| ব্রান্ড/মডেল | | |
| সংক্ষিপ্ত স্পেসিফিকেশন | | |
| ক্রয়/সংগ্রহের বৎসর | | |
| সরবরাহকারী প্রতিষ্ঠান | | |
| ওয়ারেন্টি কাল | | |
| ক্রয়মূল্য | | |
| রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ **(সর্বশেষ ৫ বৎসর)** | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| রক্ষণাবেক্ষণ ব্যয় **(সর্বশেষ ৫ বৎসর)** | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| বিকল হওয়ার তারিখ | | |
| বৈকল্যের কারণ/লক্ষণ | | |
| অকেজো ঘোষণাকরণের পক্ষে যুক্তি | | |
| মন্তব্য | | |

বিভাগীয় প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
(নাম, পদবি ও সিল)

বিবরণী প্রস্তুতকারীর স্বাক্ষর:
তারিখ:

## অংশ-'খ'

(বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ব্যবহারের জন্য)

বিসিসি'র একজন উপযুক্ত কারিগরি প্রতিনিধি (কম্পিউটার /কম্পিউটার ও আইটি সংশ্লিষ্ট যন্ত্রপাতি/ ইনফ্রাস্ট্রাকচার সংক্রান্ত যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করে) নীচের অংশ পূরণ করিয়া স্বাক্ষর করিবেন:

১। সাধারণ পর্যবেক্ষণ:

২। অকেজো ঘোষণা সংক্রান্ত সুপারিশ:

৩। সংরক্ষিত মূল্য:

৪। মন্তব্য:

| | |
|---|---|
| কারিগরি প্রতিনিধির স্বাক্ষর | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর |
| নাম: | নাম: |
| পদবি: | পদবি: |
| তারিখ: | তারিখ: |

**পরিশিষ্ট-'গ'**

## অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরনের নিমিত্ত সংশ্লিষ্ট তথ্যাবলী

প্রতিষ্ঠানের নাম: ..........................................................................

প্রতিষ্ঠানের ঠিকানা: ......................................................................

অফিসের ব্যবহৃত অন্যান্য সরঞ্জামাদি যেমন:- কম্পিউটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, এয়ার-কন্ডিশনার, ফ্যান, ব্যাটারি পাওয়ার ক্যাবল, অকেজো Electrical পার্টস, ফ্লোর টাইলস, MS Angle and Frame, জেনারেটরের ব্যবহৃত Lubrication Oil, জেনারেটরের ব্যবহৃত Filters, ব্যবহৃত Tempered Glass, প্ল্যাস্টিক, MS (কন্টেইনার, এঙ্গোল, অকেজো টুলস, অকেজো পার্টস)। সিভিল কাজের মালামাল, স্যানেটারী মালামাল, চিলারের খুচরা যন্ত্রাংশ, সকল প্রকার আসবাবপত্র, প্রতিষ্ঠানের বিভিন্ন যন্ত্রপাতির তথ্য বিবরণী:

প্রতিবেদনের তারিখ: ...................................

১। মেশিনের নাম :

২। ক) মেশিনের নম্বর :
খ) মডেল নম্বর :
৩। ক) সংগ্রহের উৎস :
খ) সংগ্রহের/ক্রয়ের তারিখ :
গ) ক্রয়মূল্য :
৪। মেশিনটি কত বৎসর ব্যবহৃত হইয়াছে :

৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ :
(রক্ষণাবেক্ষণ ব্যয় উল্লেখ করিতে হইবে)
৬। ক) বিকল হওয়ার তারিখ :
খ) বিকল হওয়ার কারণ :
৭। অকেজো ঘোষণা করিবার পক্ষে যুক্তি : ..........................................................

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার
স্বাক্ষর ও সীল

৮। প্রত্যক্ষ পরিদর্শনের পর কারিগরি কমিটির মন্তব্য:
(বর্তমান বাজার মূল্য বিবেচনায় সংরক্ষিত মূল্য ধার্য্য করিতে হইবে)

| | | |
|---|---|---|
| সদস্য<br>কারিগরি কমিটি | সদস্য<br>কারিগরি কমিটি | সভাপতি/ আহবায়ক<br>কারিগরি কমিটি |

৯। অফিস প্রধানের মতামত:

অফিস প্রধানের
স্বাক্ষর ও সিল